দৈনিক ইত্তেফাক

তারিখ JUL 30 1999
পৃষ্ঠা ৬ কলাম ৫

52

# একটি প্রাথমিক বিদ্যালয়ের করুণ দশা

গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন ৩ নম্বর তারাপুর ইউনিয়নের নাচনী ঘগোয়া জনবহুল একটি গ্রাম। এই গ্রামে একমাত্র শিক্ষা প্রতিষ্ঠান হইতেছে নাচনী ঘগোয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়। বিদ্যালয়টি ১৯১৫ সালে স্থাপিত হয়। একদা উহার সুনাম ছিল। বর্তমানে বিদ্যালয়টির বেহাল অবস্থা। দেওয়ালগুলি জরাজীর্ণ। টিনের চালে অসংখ্য ফুটা। চেয়ার-টেবিল এমনকি দরজা-জানালাও অপর্যাপ্ত। তিনজন শিক্ষকের মধ্যে একজন সবসময় অনিয়মিত। ফলে অত্র বিদ্যালয়ে দিন দিন ছাত্র-ছাত্রীর সংখ্যা হ্রাস পাইতেছে। স্কুলের নিজস্ব জমি না থাকায় সম্প্রতি উন্নয়নের জন্য আসা কয়েক লাখ টাকা ফেরত গিয়াছে। এমতাবস্থায় বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়নে অত্র বিদ্যালয়ের আমূল সংস্কার সাধনের জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট সনির্বন্ধ আবেদন জানাইতেছি।

বিষ্ণুপদ সরকার,
গ্রামঃ নাচনী ঘগোয়া,
ডাকঃ তারাপুর,
উপজেলা সুন্দরগঞ্জ,
জেলাঃ গাইবান্ধা